গঝ ৭৭৩৩২৪০

যৌথ উদ্যোগ চুক্তি (Joint Venture Agreement)

এই দ্বিপাক্ষিক যৌথ উদ্যোগ চুক্তিটি আজ **১৭ মে, ২০২৬** তারিখে নিম্নলিখিত পক্ষদ্বয়ের মধ্যে একটি আইনগত কাঠামো হিসেবে সম্পাদিত ও কার্যকর হলো।

পক্ষসমূহ:

১. প্রথম পক্ষ:

- **ইতাল বাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি**, রোম, ইতালি।
  (লাইসেন্স/রেজিস্ট্রেশন নম্বর: ৩৭৪৭২)
  VIA DI TORPIGNATTARA 110, 00177, ROME, ITALY.
- **ইতাল বাংলা ওয়ার্ক এজেন্সি হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট লিমিটেড** (বাংলাদেশে নিযুক্ত অংশীদার)
  MIRPUR SECTION-6, BLOCK-D, ROAD-8, HOUSE-13, DHAKA, BANGLADESH.
  (যৌথভাবে "ভাষা প্রশিক্ষণ, আইনি প্রক্রিয়া এবং প্রশাসনিক অনুমোদন বিষয়ক পার্টনার" হিসেবে পরিচিত)

২. দ্বিতীয় পক্ষ:

- **শেফ ফেডারেশন অফ বাংলাদেশ।**
  জিন্নাত প্লাজা, হাউজ-৫৭ (৬ষ্ঠ তলা), মাদানী এভিনিউ, ১০০ ফিট, ভাটারা, ঢাকা-১২১২, বাংলাদেশ।
  (যৌথভাবে "সেক্টর ভিত্তিক কারিগরি দক্ষতা প্রশিক্ষণ ও কর্মী নির্বাচন বিষয়ক পার্টনার" হিসেবে পরিচিত)

১. প্রস্তাবনা ও পটভূমি

ইউরোপীয় ইউনিয়নে আগামী ৫ বছরে প্রত্যাশিত প্রায় ৫০ মিলিয়ন দক্ষ কর্মীর সংকট মোকাবেলায় "ইউরোপীয় ট্যালেন্ট পার্টনারশিপ" এবং ইতালির আইন আর্টিকেল ২৩ (২০২৩)-এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ হতে দক্ষ ও ভাষাগতভাবে যোগ্য কর্মী প্রেরণের লক্ষ্যে উভয় পক্ষ এই চুক্তিতে আবদ্ধ হচ্ছে।

২. আইনি ভিত্তি ও অভিবাসন প্রক্রিয়া

- এই চুক্তির আওতায় যাবতীয় কার্য ক্রম ইতালির অভিবাসন ও শ্রম আইন ৫০/২০২৩ এবং ১৪৭/২০২৪-এর ধারা অনুসরণ করে পরিচালিত হবে। ইতালির শ্রম মন্ত্রণালয়ের অনুমোদিত পন্থায় দক্ষ জনবল তৈরি ও কর্মসংস্থান নিশ্চিত করাই এই চুক্তির মূল লক্ষ্য।
- বাংলাদেশ সরকার হতে কর্মী প্রেরণের নিমিত্তে যাবতীয় সরকারি ক্লিয়ারেন্স, বিএমইটি (BMET) ইমিগ্রেশন কার্ড এবং প্রাতিষ্ঠানিক দাপ্তরিক কার্যক্রম প্রথম পক্ষের অনুমোদিত রিক্রুটিং লাইসেন্স (RL) অথবা উভয় পক্ষের পারস্পরিক সমঝোতার ভিত্তিতে নির্ধারিত বৈধ রিক্রুটিং লাইসেন্সের অধীনে সম্পন্ন করা হবে।

৩. পক্ষগণের দায়িত্ব ও কর্তব্য

ক. প্রথম পক্ষের দায়িত্ব ও কার্যাবলী:

- ১. **নিয়োগকর্তার সাথে চুক্তি:** ইতালির বিভিন্ন কর্মসংস্থান প্রতিষ্ঠান এবং মালিকদের ট্রেড ইউনিয়ন সংগঠনের সাথে নিয়মিত যোগাযোগ ও চুক্তি সম্পাদন করে তাদের প্রয়োজনীয় মানবসম্পদ চাহিদাপত্র সংগ্রহ করা।
- ২. **ভাষা প্রশিক্ষণ ও পরীক্ষা:** ইতালিয়ান বিশ্ববিদ্যালয় Siena (সিয়েনা) কর্তৃক অনুমোদিত পাঠ্যক্রম অনুযায়ী বাংলাদেশে প্রশিক্ষণ প্রদান, পরীক্ষণ গ্রহণ এবং সার্টিফিকেট প্রদানের যাবতীয় কার্যক্রম ইতালির আইনানুসারে নিশ্চিত করা।
- ৩. **প্রশাসনিক প্রক্রিয়া:** প্রশিক্ষণার্থীদের আন্তর্জাতিক মানসম্পন্ন ভাষা সার্টিফিকেট প্রদানের যাবতীয় দাপ্তরিক কাজ সম্পন্ন করা।

চলমান পাতা-২

CamScanner



গঝ ৭৭৩৩২৪১

- ৪. **লজিস্টিক ও ইমিগ্রেশন:** প্রশিক্ষণ সমাপ্ত কর্মীদের জীবনবৃত্তান্ত (CV) মালিকদের কাছে প্রেরণ, কাজের অনুমোদন (Nulla Osta) সংগ্রহ, ভিসা প্রক্রিয়াকরণ এবং বাংলাদেশ সরকারের প্রয়োজনীয় অনুমোদন সংগ্রহ করা।
- ৫. **ইতালিতে আবাসন ও কর্মসংস্থান:** কর্মীদের ইতালিতে গ্রহণ করা, তাদের বাসস্থানের ব্যবস্থা নিশ্চিত করা এবং মালিকদের নিকট সরাসরি পৌঁছে দেওয়া।
- ৬. **লিয়াজোঁ:** ইতালির শ্রম মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সরকারি doptor-এ প্রয়োজনীয় লিয়াজোঁ রক্ষা করা।

খ. দ্বিতীয় পক্ষের দায়িত্ব ও কার্যাবলী:

১. **কর্মী নির্বাচন ও কারিগরি প্রশিক্ষণ:** বিশেষ করে ট্যুরিজম সেক্টর (Tourism Sector)-এর জন্য যোগ্য কর্মী/শেফ বাছাই এবং তাদের আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী কারিগরি দক্ষতা প্রশিক্ষণ প্রদান করা।

২. **স্বচ্ছতা নিশ্চিতকরণ:** প্রার্থী বাছাই প্রক্রিয়ায় পূর্ণ স্বচ্ছতা বজায় রাখা এবং কর্মীদের ইতালির কর্মপরিবেশের উপযোগী করে তোলা।

৪. গোপনীয়তা ও বিশেষ শর্তাবলী (Confidentiality & Exclusivity)

- **ব্যবসায়িক গোপনীয়তা (Know-how):** উভয় পক্ষ এই প্রকল্পের ব্যবসায়িক কৌশল, কারিগরি পদ্ধতি, প্রশিক্ষণের মডিউল এবং সকল অভ্যন্তরীণ তথ্য কঠোরভাবে গোপন রাখতে আইনিভাবে বাধ্য থাকবে।
- **একান্ততা (Exclusivity):** এই চুক্তিকালীন সময়ে দ্বিতীয় পক্ষ একই উদ্দেশ্য বা ইতালিগামী কর্মী প্রেরণের লক্ষ্যে সরাসরি প্রতিযোগিতামূলক কোনো কার্যক্রমে তৃতীয় কোনো পক্ষের সাথে এই চুক্তির পরিপন্থী কোনো চুক্তিতে লিপ্ত হতে পারবে না। তবে এই শর্ত ইতালির বাইরে অন্য কোনো দেশের প্রজেক্টের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৫. তহবিল, ব্যয় বণ্টন ও লভ্যাংশ বণ্টন (Capital, Expenses & Profit Sharing)

- **প্রাথমিক তহবিল ও মূলধন (Initial Capital):** এই যৌথ উদ্যোগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় প্রাথমিক লজিস্টিকস, সেন্টার স্থাপন, ভাষা ও কারিগরি প্রশিক্ষণের প্রারম্ভিক তহবিল বা ওয়ার্কিং ক্যাপিটাল উভয় পক্ষ যৌথ আলোচনার ভিত্তিতে সমহারে (৫০%-৫০% অনুপাতে) অথবা পারস্পরিক লিখিত সমঝোতা অনুযায়ী প্রদান ও নির্বাহ করবে।
- **ব্যয় নির্বাহের পদ্ধতি (Expense Management):** প্রকল্পের চলমান যাবতীয় বৈধ প্রাতিষ্ঠানিক ব্যয়, ভাষা পরীক্ষার ফি, এবং প্রশাসনিক খরচসমূহ উক্ত যৌথ তহবিল থেকে মেটানো হবে। ব্যয়ের প্রতিটি খাতের স্বচ্ছ হিসাব ও ভাউচার উভয় পক্ষের মনোনীত অডিটর/প্রতিনিধি দ্বারা নিয়মিত যাচাই করা হবে।
- **ফি-র স্বচ্ছতা (Fee Transparency):** প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রশিক্ষণার্থীদের কাছ থেকে গৃহীত ফি শুধুমাত্র ভাষা শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ এবং দাপ্তরিক খরচের জন্য প্রযোজ্য হবে। বাংলাদেশের "বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩" ক্ষুন্ন করে এমন কোনো অতিরিক্ত বা অবৈধ লেনদেন বা ভিসা ফি বাবদ অর্থ গ্রহণ করা যাবে না।
- **লভ্যাংশ বণ্টন (Profit Sharing):** প্রকল্পের যাবতীয় বৈধ পরিচালনা ও প্রশাসনিক ব্যয় নির্বাহের পর অর্জিত নীট মুনাফা বা লভ্যাংশ উভয় পক্ষের মধ্যে সমান হারে অর্থাৎ **৫০%-৫০% (ফিফটি-ফিফটি)** ভিত্তিতে বণ্টিত হবে। এই হিসাব সমন্বয় ও বণ্টন প্রতি মাসের শেষে অথবা ত্রৈমাসিক ভিত্তিতে উভয় পক্ষের লিখিত সম্মতিতে সম্পন্ন হবে।

CamScanner

গঝ ৭৭৩৩২৪২

৬. চুক্তির মেয়াদঃ

এই চুক্তিটি স্বাক্ষরের তারিখ (১৭ মে, ২০২৬) হতে আগামী **০৫ (পাঁচ) বছর** পর্যন্ত বলবৎ থাকবে। মেয়াদের শেষে উভয় পক্ষের পারস্পরিক সম্মতির ভিত্তিতে চুক্তিটি পুনরায় নবায়ন করা যাবে।

৭. বিরোধ নিষ্পত্তিঃ

- চুক্তি চলাকালীন কোনো বিষয়ে মতপার্থক্য বা বিরোধ দেখা দিলে তা প্রথমে উভয় পক্ষের আলাপ-আলোচনা ও সমঝোতার ভিত্তিতে সমাধান করা হবে।
- সমঝোতা ব্যর্থ হলে বাংলাদেশের প্রচলিত আইন এবং সালিশি আইন (Arbitration Act, 2001) অনুযায়ী তা নিষ্পত্তি করা হবে।

এতদ্বার্থে, উভয় পক্ষ এই চুক্তির শর্তাবলী ভালোভাবে পড়িয়া, বুঝিয়া এবং সজ্ঞানে নিচে নিজ নিজ স্বাক্ষর ও সীল প্রদান করিলেন:

প্রথম পক্ষের স্বাক্ষর ও সীল	**দ্বিতীয় পক্ষের স্বাক্ষর ও সীল**
নাম: শাহ মোহাম্মদ তাইফুর রহমান **পদবী:** সভাপতি (President) **সংগঠন:** ইতাল বাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি / ওয়ার্ক এজেন্সি **তারিখ:** ১৭ মে, ২০২৬	**নাম:** হাবিবুর রহমান জহির **পদবী:** সভাপতি (President) **সংগঠন:** শেফ ফেডারেশন অফ বাংলাদেশ **তারিখ:** ১৭ মে, ২০২৬

সাক্ষীগণের স্বাক্ষরঃ

নাম, ঠিকানা ও স্বাক্ষর:

১। মো: মাসুদ
ভিক্টর প্লাজা-H-57,
১০০ফিট রোড, কাদামী
এভেনিউ, বেটারা-ঢাকা

নাম, ঠিকানা ও স্বাক্ষর:

২। জোনিয়র হাসান তিতলা
-পোলাপাড়া-6 নং গেইট
-মিরপুর-১, ঢাকা-১২১৫।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner